

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৭৯(আগরতলা ৬।১)
বিশ্রামগঞ্জ, ৬ জানুয়ারি, ২০২৪

সিপাহীজলা জেলার মোট ভোটার ৪,০৭,৭৫৯ জন

সিপাহীজলা জেলায়ও চূড়ান্ত ভোটার তালিকা গতকাল প্রকাশিত হয়েছে। ১ জানুয়ারি, ২০২৪ কে ভিত্তি বছর ধরে বিশেষ সংক্ষিপ্ত সংশোধনীর পর সিপাহীজলা জেলার ৯টি বিধানসভা কেন্দ্রে মোট ভোটার রয়েছেন ৪ লক্ষ ৭ হাজার ৭৫৯ জন। এরমধ্যে পুরুষ ভোটার ২ লক্ষ ৭ হাজার ৮৩৬ জন, মহিলা ভোটার ১ লক্ষ ৯৯ হাজার ৯১৩ জন, তৃতীয় লিঙ্গের ভোটার ১০ জন। গতকাল সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা জয়ন্ত দে জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করে একথা বলেন। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, মোট ভোটারের মধ্যে সার্ভিস ভোটার ১,৫৬৩ জন এবং দিব্যাঙ্গজন ভোটার ১,৬৫২ জন রয়েছেন। চূড়ান্ত ভোটার তালিকায় মোট ৪,৮৫০ জন নতুন ভোটারের নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। সাংবাদিক সম্মেলনের পূর্বে এক সর্বদলীয় সভাও অনুষ্ঠিত হয়।
